




সিলেট পাথর লুট: দেড় কোটির মধ্যে উদ্ধার মাত্র ১ লাখ ঘনফুট



সংগৃহীত ছবি

সিলেটে ব্যাপক পাথর লুটের ঘটনায় জেলা প্রশাসনের অভিযান অব্যাহত রয়েছে। এখন পর্যন্ত দেড় কোটি ঘনফুট লুট হওয়া পাথরের মধ্যে উদ্ধার হয়েছে মাত্র ১ লাখ ঘনফুট। সর্বশেষ কোম্পানীগঞ্জ ও ঢাকায় অভিযান চালিয়ে উল্লেখযোগ্য পরিমাণ পাথর জব্দ করা হয়েছে, তবে অধিকাংশ এখনও অজানা স্থানে রয়েছে।

সিলেট থেকে লুট হওয়া দেড় কোটি ঘনফুট পাথরের মধ্যে এখন পর্যন্ত উদ্ধার করা সম্ভব হয়েছে মাত্র ১ লাখ ঘনফুট। শুক্রবার (১৫ আগস্ট) কোম্পানীগঞ্জ উপজেলার একাধিক ক্রাশার মিল এলাকায় অভিযান চালায় জেলা প্রশাসন। অভিযানে বড় আকারের সংরক্ষিত পাথর উদ্ধার করে পরিমাপ করা হয়। তবে মিলগুলোতে কাউকে পাওয়া যায়নি।

জেলা প্রশাসন জানিয়েছে, অভিযানের সময় যেসব পাথর ইতোমধ্যে চূর্ণ করা হয়েছে, সেগুলো বাজেয়াপ্ত করা হবে। এর আগে, বৃহস্পতিবার রাতে ঢাকার ডেমরা এলাকা থেকে ৪০ হাজার ঘনফুট পাথর উদ্ধার করা হয়। গত দুই দিনে সিলেট থেকে আরও প্রায় ৬০ হাজার ঘনফুট পাথর উদ্ধার হয়েছিল।

পরিবেশকর্মী ও স্থানীয় ব্যবসায়ীদের ভাষ্যমতে, গত এক বছরে সিলেট থেকে প্রায় ১ কোটি ৫০ লাখ ঘনফুট পাথর লুট হয়েছে, যার বাজারমূল্য ২০০ কোটিরও বেশি। প্রশাসনের অভিযান চললেও লুট হওয়া পাথরের বেশিরভাগ এখনও উদ্ধার সম্ভব হয়নি।